# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৮.২৩-৫৫

তারিখঃ ০৮/০৩/১৪৩০ বঙ্গাঃ
২২/০৬/২০২৩ খ্রিঃ

## "দ প্ত রা দে শ"

জনাব মোঃ মোজাম্মেল হক (আইডি নং-৬৯০৬০১০০৬), অফিস সহায়ক, রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুর এর বিরুদ্ধে জনাব আরজিনা খাতুন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর এর বড় বোনকে অফিস ভবনে ধর্ষণ করা হয়েছে মর্মে তিনি উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর বরাবর লিখিত অভিযোগ দাখিল করেন। লিখিত অভিযোগের প্রেক্ষিতে উক্ত দপ্তর কর্তৃক কোতোয়ালী থানা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর এ গত ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখে ধর্ষন সংক্রান্ত বিষয়টি জানানো হলে উক্ত থানার দায়িত্ব প্রাপ্ত এস, আই কর্তৃক তাকে গত ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখে বিকেল আনুমানিক ৪.৩০ ঘটিকায় দপ্তর থেকে গ্রেফতার করে জেলহাজতে প্রেরণ করায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৮.২২-৭৫, তারিখঃ ০২/০৬/২০২২ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫ (৫) মোতাবেক তাকে গ্রেফতারের তারিখ অর্থাৎ ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয় ।

২। আইন শৃংখলা বাহিনীর প্রাথমিক তথ্য বিবরণ অনুযায়ী, তার বিরুদ্ধে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী) ২০২০ এর ৯(১) ধারা মতে জোর পূর্বক ধর্ষণ করার অপরাধ আনয়ন করে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-০১, রংপুর এর নারী ও শিশু মামলা নং-৩২৩/২০২২ (সূত্রঃ কোতয়ালী আরপিএমপি থানার মামলা নং-৫৭/৩৬০, তারিখঃ ৩১/০৫/২০২২ ইং, জি.আর মামলা নং-৩৬০/২০২২) দায়ের করা হয়। উক্ত অপরাধের প্রেক্ষিতে তিনি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গ্রেফতার হওয়ায় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরী প্রবিধানমালা-২০১৩ এর ৪৮ (খ) অনুযায়ী অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত হওয়ায় তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ মোতাবেক কার্যধারা সূচনা পূর্বক প্রবিধান ৫২(১)(ক) মোতাবেক অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৮.২২-৯০, তারিখঃ ০৮/০৯/২০২২ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা প্রেরণ করা হয়। সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রবিধান ৫২ (২) (গ) মোতাবেক অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ এবং তার দাখিলকৃত জবাব পর্যালোচনা পূর্বক তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৮.২২-০৪, তারিখঃ ১৬/০১/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা সরেজমিনে তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। পরবর্তীতে জনাব মোঃ মোজাম্মেল হক (আইডি নং-৬৯০৬০১০০৬), অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুর তার বিরুদ্ধে দায়েরকৃত মামলায় গত ১৭/০১/২০২৩খ্রিঃ তারিখের আদেশনামায় উক্ত মামলা হতে তাকে অব্যহতি প্রদান করায় তিনি মহামান্য আদালতের আদেশনামার সত্যায়িত কপি এবং তৎসংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি সংযোজনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাময়িক বরখাস্ত আদেশ বাতিলের আবেদন করেন । কর্মচারীর স্ব-ব্যাখ্যায়িত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর আবেদনের সাথে সংযুক্ত বিচারক (জেলা জজ) আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, রংপুর এর নারী ও শিশু মামলা নং-৩২৩/২২২ এর ওপর ১৭/০১/২০২৩ খ্রিঃ তারিখের আদেশনামার সার্টিফায়েড কপির সঠিকতা সম্পর্কে আইন বিভাগের মতামত গ্রহণ পূর্বক সঠিক পাওয়া যায়।

৪। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, উক্ত বিষয়ে বাপাউবোর্ডের আইন বিভাগের মতামত ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনা পূর্বক বিচারক (জেলা জজ) আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, রংপুর এর নারী ও শিশু মামলা নং-৩২৩/২০২২ এর ওপর ১৭/০১/২০২৩ খ্রিঃ তারিখের আদেশে জনাব মোঃ মোজাম্মেল হক, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), উক্ত মামলা হতে অব্যাহতি প্রদান করায় এবং বিভাগীয় মামলায় তিনি দোষী সাব্যস্ত না হওয়ায় তাকে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করতঃ তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে তাকে বাপাউবোর্ডের চাকুরীতে স্বপদে পুনর্বহাল এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৬(২) এবং বি এস আর, পার্ট-১ এর বিধি ৭২(এ) মোতাবেক তার সাময়িক বরখাস্তকালীন সময় তিনি পূর্ণ বেতনে কর্মরত ছিলেন মর্মে গণ্য করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

অঃপৃঃদ্রঃ

৫। এমতাবস্থায়, কর্তৃপক্ষের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ মোজাম্মেল হক, অফিস সহায়ক (সাময়িক বরখাস্তকৃত), রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুরকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান পূর্বক তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করতঃ বাপাউবোর্ডের চাকুরীতে স্ব-পদে পুনর্বহাল করা হলো এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৬(২) এবং বি এস আর, পার্ট-১ এর বিধি ৭২(এ) মোতাবেক তার সাময়িক বরখাস্তকালীন সময়কালে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলে গণ্য করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

২২/০৬/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৮.২৩-৫৫(১৬)

তারিখঃ ০৮/০৩/১৪৩০ বঙ্গাঃ
২২/০৬/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুর ।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর ।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রংপুর ।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মোঃ মোজাম্মেল হক (আইডি নং-৬৯০৬০১০০৬), অফিস সহায়ক, রংপুর পওর সার্কেল-২, বাপাউবো, রংপুর।

২২/০৬/২০২৩

(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৯১২১১০০১

ডায়েরী নং ৪৮২ তারিখ ২৫/৬/২৩
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
অফিস সহকারী নথিতে রাখুন
তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা